



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref:

Date: ১৬ মার্চ ২০১৪

প্রেস বিজ্ঞপ্তি

মাটিরাংগায় অস্ত্র সহ ইউপিডিএফ নেতা আটকের ঘটনা সত্য নয়

“খাগড়াছড়িতে অস্ত্র সহ ইউপিডিএফ নেতা আটক” শিরোনামে আজ ১৬ মার্চ রবিবার পুলিশ ও সেনাবাহিনীর বরাত দিয়ে বিভিন্ন সংবাদ মাধ্যমে প্রচারিত খবরটি সত্য নয়। এটি ইউপিডিএফ’র বিরুদ্ধে একটি অপপ্রচার ছাড়া আর কিছুই নয়।

মূলত: মাটিরাংগার বাইল্লাছড়ি থেকে আজ রবিবার সকালে নবীন চাকমা নামে যে ছেলেটিকে সেনা সদস্যরা আটক করেছে তিনি ইউপিডিএফ’র কোন নেতা নন। একজন সাধারণ কর্মী হিসেবে তিনি ওই এলাকায় সাংগঠনিক কাজে দায়িত্ব পালন করছেন। সকালে রাস্তা দিয়ে হেঁটে যাওয়ার সময় জঙ্গলে ওঁৎ পেতে থাকা সেনাবাহিনীর একটি দল তাকে আটকের পর হাতে অস্ত্র ধরিয়ে দিয়ে পুলিশে সোপর্দ করেছে। তার কাছে কোন অস্ত্র ছিল না। ইউপিডিএফকে বেকায়দায় ফেলার জন্য পরিকল্পিতভাবে ইউপিডিএফ কর্মীদের এভাবে আটক করে হাতে অস্ত্র গুজে দিয়ে সম্বাসী হিসেবে চিত্রায়িত করা হচ্ছে।

ইউপিডিএফ একটি গণতান্ত্রিক রাজনৈতিক দল হিসেবে গঠনলগ্ন থেকে গণতান্ত্রিকভাবেই তার কার্যক্রম চালিয়ে যাচ্ছে। কাজেই, অস্ত্রসহ ইউপিডিএফ নেতা-কর্মী আটকের কোন প্রশ্নই আসে না।

উল্লেখ্য, মাটিরাংগা এলাকায় সেনাবাহিনী কর্তৃক এ যাবত ইউপিডিএফের বহু কর্মী ও নিরীহ লোককে এভাবে মিথ্যাভাবে আটক করে নানা হয়রানি ও হাতে অস্ত্র ধরিয়ে দিয়ে মিথ্যা মামলায় সাজিয়ে জেল হাজতে পাঠানো হয়েছে। কিন্তু আদালত কর্তৃক অভিযোগ মিথ্যা প্রমানিত হওয়ায় তারা ছাড়াও পেয়েছে।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ

